



বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট  
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা  
www.bim.gov.bd  
পোস্ট- গ্রাজুয়েট স্টাডিজ (ডিপ্লোমা সেল)



নম্বর : ৩৬.০৭.০০০০.০১৬.৪৭.০০১.১৮.১৭১

তারিখ : ১১/১১/২০২১ খ্রি:

## নোটিস

বিষয় : পিজিডি ২০২১ সেশনের ১ম পর্ব চূড়ান্ত পরীক্ষার সাল্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ ও নম্বর পুনঃগণনা সংক্রান্ত।

বিআইএম কর্তৃক পরিচালিত পিজিডি কোর্সসমূহের ২০২১ খ্রি: শিক্ষাবর্ষের যেসকল অংশগ্রহণকারী ১ম পর্ব চূড়ান্ত পরীক্ষার প্রাপ্ত নম্বর পুনঃগণনায় আগ্রহী তাঁদেরকে প্রতি বিষয়ের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে পুনঃগণনা ফি ব্যাক ব্যাংকের নির্ধারিত শাখায় ডিপ্লোমা ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দিয়ে জমা রশিদসহ চেয়ারম্যান, কার্যনির্বাহী কমিটি, পিজিডি কোর্সেস, বিআইএম, ঢাকা বরাবর আগামী ১৮/১১/২০২১ খ্রি: তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

এছাড়া, যেসকল অংশগ্রহণকারী ১ম পর্ব চূড়ান্ত পরীক্ষার ফলাফলে এক অথবা দুই বিষয়ে অকৃতকার্য হয়েছেন বা অনুপস্থিত ছিলেন (অর্থাৎ যাদের ফলাফল **Incomplete** বা অসম্পূর্ণ রয়েছে), তাদেরকে প্রতি বিষয়ের জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ব্যাক ব্যাংকের পূর্ব নির্ধারিত শাখায় **ডিপ্লোমা ডিপোজিট স্লিপের** মাধ্যমে সাল্লিমেন্টারি পরীক্ষার ফি জমা দিয়ে জমা রশিদসহ চেয়ারম্যান, কার্যনির্বাহী কমিটি, পিজিডি কোর্সেস, বিআইএম, ঢাকা বরাবর আগামী ২২/১১/২০২১ খ্রি: তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যারা ইতোমধ্যে উত্তীর্ণ (**P-1 Completed**) হয়েছেন বা অনুত্তীর্ণ (**Failed**) হয়েছেন তাদের কোন বিষয়ে মানোন্নয়নের জন্য সাল্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।

নির্ধারিত তারিখের পরে কোন অবস্থাতেই আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের নমুনা ফর্ম এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(প্রকৌ: মো: মেহবুব হাসান কল্লোল)  
সদস্য সচিব, কার্যনির্বাহী কমিটি।  
পিজিডি কোর্সেস।

বিতরণ:

- ১। সকল অংশগ্রহণকারী (পিজিডি সেশন ২০২১)
- ২। নোটিস বোর্ড
- ৩। অফিস কপি।

বরাবর  
চেয়ারম্যান  
কার্যনির্বাহী কমিটি  
পিজিডি কোর্সেস  
বিআইএম, ঢাকা।

তারিখ :

বিষয় : সাল্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ প্রসংগে।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী ২০২১ খ্রি: শিক্ষাবর্ষের ১ম পর্বের/২য় পর্বের চূড়ান্ত পরীক্ষায় নিম্নোক্ত বিষয়ে অকৃতকার্য হওয়ায় সাল্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে আগ্রহী। বিধি মোতাবেক সাল্লিমেন্টারি পরীক্ষার নির্ধারিত ফি জমা দেয়া হয়েছে (মানি রিসিট সংযুক্ত)।

বিষয়ের নাম (যেসকল বিষয়ে সাল্লিমেন্টারি পরীক্ষা দিতে আগ্রহী) :

১)

২)

অতএব, আমাকে উপরোক্ত বিষয়/বিষয়সমূহের সাল্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়ার জন্য অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর :

নাম :

রোল নং :

সেশন :

পিজিডি-র নাম :

মোবাইল # :

সংযুক্তি :

১) মানি রিসিট, টাকার পরিমাণ \_\_\_\_\_ টাকা মাত্র।

বরাবর  
চেয়ারম্যান  
কার্যনির্বাহী কমিটি  
পিজিডি কোর্সেস  
বিআইএম, ঢাকা।

তারিখ :

বিষয় : পরীক্ষার উত্তরপত্রের নম্বর পুনঃগণনা প্রসংগে।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী ২০২১ খ্রি: শিক্ষাবর্ষের ১ম পর্বের/২য় পর্বের চূড়ান্ত পরীক্ষার নিম্নোক্ত বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত নম্বর পুনঃগণনায় আগ্রহী। বিধি মোতাবেক উত্তরপত্রের প্রাপ্ত নম্বর পুনঃগণনার নির্ধারিত ফি জমা দেয়া হয়েছে (মানি-রিসিট সংযুক্ত)।

বিষয়ের নাম (যেসকল বিষয়ের প্রাপ্ত নম্বর পুনঃগণনায় আগ্রহী) :

- ১)
- ২)
- ৩)
- ৪)
- ৫)

অতএব, আমার উপরোক্ত বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত নম্বর পুনঃগণনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর :

নাম :

রোল নং :

সেশন :

পিজিডি-র নাম :

মোবাইল # :

সংযুক্তি :

- ১) মানি-রিসিট, টাকার পরিমাণ \_\_\_\_\_ টাকা মাত্র।